গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
www.satkhirasadar.satkhira.gov.bd


**নম্বর:** ৪১.০১.৮৭৮২.০০০.০০০.০৬.০০০৫.২০.৩০১

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩
০২ আগস্ট ২০২৬

**বিজ্ঞপ্তি**

বিষয়: **২০২৬-২৭ অর্থবছরের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের সকল ভাতার অনলাইন আবেদন গ্রহন এর সময়সীমা পুনঃনির্ধারণ সংক্রান্ত।**

এতদ্বারা জানানো যাচ্ছে যে, পরিচালক সমাজসেবা অধিদপ্তর মহোদয়ের ৩০ জুলাই ২০২৬ খ্রি. তারিখের ৬৮৩ সংখ্যক পত্র মোতাবেক ২০২৬-২৭ অর্থবছরের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, প্রতিবন্ধী (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠী সমুহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর) ভাতার অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে।
০২। সমাজসেবা অধিদপ্তরের ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ : ০১ আগষ্ট ২০২৬ হতে ১৫ আগষ্ট ২০২৬ পর্যন্ত ।
ক) আবেদন করার লিংক: www.dss.bhata.gov.bd/online-application
খ) আবেদন দাখিলের ক্ষেত্রে সাধারণ নির্দেশনাবলী:
গ) স্থায়ী ঠিকানা: আবেদনকারীকে অবশ্যই তার নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করতে হবে ।
ঘ) মোবাইল ও ব্যাংক অ্যাকাউন্ট : আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে নিবন্ধিত সক্রিয় সিমের মোবাইল নম্বর এবং সক্রিয় MFS (বিকাশ/নগদ/রকেট ইত্যাদি) থাকতে হবে অথবা ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। (ব্যাংক হিসাবের ক্ষেত্রে যোগাযোগের জন্য একটি সক্রিয় মোবাইল নম্বর দিতে হবে)।
ঙ) প্রতিবন্ধী ভাতা: প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে।
চ) পূর্বের আবেদনকারী: যারা পূর্বে অনলাইনে আবেদন করেছিলেন এবং বর্তামানে অপেক্ষমাণ তালিকায় আছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। অনলাইনে নতুন আবেদন ও অপেক্ষমাণ তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট বাছাই -কমিটির মাধ্যমে নীতিমালা অনুযায়ী উপকারভোগী নির্বাচন করা হবে।
ছ) যোগ্যতা: আবেদনকারী অন্য কোনো সরকারি নিয়মিত সুবিধা পেয়ে থাকলে এই ভাতার জন্য বিবেচিত হবেন না ।
জ) কার্যকারী তারিখ: চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬ তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন।
০৩। সতর্কতা: সরকারি ভাতা একটি বিনামূল্য সেবা অর্থাৎ ভাতা পেতে নাগরিকদের কোন ফিস দিতে হয়না। ফলে ভাতা গ্রহণের জন্য কোথাও আর্থিক লেনদেন যুক্ত হয়ে প্রতারিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানানো যাচ্ছে।



০২-০৮-২০২৬
মোঃ শরীফুল ইসলাম
উপজেলা সমাজসেবা অফিসার

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর।
২। পরিচালক (উপসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।
৪। উপ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।
৫। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, সাতক্ষীরা।
৬। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, সাতক্ষীরা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাতক্ষীরা সদর , সাতক্ষীরা।
৮। ............................................ অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

৯। চেয়ারম্যান, ......................................., ইউনিয়ন পরিষদ, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
১১। জনাব, ................................................সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
১২। অফিস, কপি।।